গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা
ঢাকা

নং ১০(০১) শু ঃ ভঃ প্রঃ-৩/২০১৪/২৩২ তারিখ ঃ ০৬ / ০৫/২০১৪

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর স্মারক নং ৮০.৩০১(গোপনীয়)/অংশ-১৭৩২/২০১৩/২১২ তারিখ ১৮/১২/২০১৩ এর মাধ্যমে সুপারিশকৃত এ প্রজ্ঞাপনের ৩ নং অনুচেছদে বর্ণিত প্রার্থীদেরকে জাতীয় বেতন স্কেল টাকা ৮০০০-৪৫০ X ৭-১১১৫০-ইবি-৪৯০ X ১১-১৬৫৪০/- বেতনক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগে সহকারী রাজস্ব কর্মকর্তা পদে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো ঃ

(ক) তাঁকে শুল্ক, আবগারী ও ভ্যাট ট্রেনিং একাডেমীতে অথবা সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে/ দপ্তরে অন্যূন ০১(এক) মাসের বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে, প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে বা কমাতে পারবে;

(খ) উক্ত প্রশিক্ষণ সমপনান্তে তাঁকে তাঁর চাকুরির সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্তৃপক্ষ যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে । শিক্ষানবিসীকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) তাঁর শিক্ষানবিসী মেয়াদ পূর্তির পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এ মর্মে সন্তুষ্ট হন যে শিক্ষানবিসী মেয়াদে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল এবং তিনি উপানুচ্ছেদ -(ক) এর অধীন নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করেছেন এবং অন্যান্য শর্তাদি পূরণ করেছেন তা হলে এ পদে তাঁর নিয়োগ স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ- (ক) এ উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে-এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিসীকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ বছরের মধ্যে চাকুরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন । প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট / প্রশিক্ষণের জন্য নির্ধারিত দপ্তরে তাঁকে এ বন্ড দাখিল করতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ Public Demand Recovery Act, 1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অংগীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servant (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ড) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না ।

০২। অনুচ্ছেদ-১ এ উল্লেখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১১/০৫/২০১৪ তারিখ পূর্বাহ্নে জাতীয় রাজস্ব বোর্ডে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং অত্র নিয়োগপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হতে পারে।

০৩। পদের নাম ঃ সহকারী রাজস্ব কর্মকর্তা

নিয়োগপ্রাপ্ত ঃ ৩২ (বত্রিশ) জন।

| ক্রমিক নম্বর | মেধাক্রম | নাম | জন্ম তারিখ | নিজ জেলা | রেজিষ্ট্রেশন নং |
|---|---|---|---|---|---|
| ১. | ০৫ | মোঃ কামরুজ্জামান | ০৪/০৪/১৯৮৭ | নওগাঁ | ২০২৪৪৬ |
| ২. | ১৫ | মোসাঃ কামরুন নাহার | ০৫/০২/১৯৮৬ | বরগুনা | ০৩১৫৬১ |
| ৩. | ৬১ | মোঃ জুয়েল রানা | ২৫/১২/১৯৮৩ | পঞ্চগড় | ০০৭৫৩৫ |
| ৪. | ৯৮ | মোঃ খায়রুল বাসার | ২৫/১২/১৯৮৫ | পঞ্চগড় | ০৪৬৩৭৪ |
| ৫. | ১০৯ | বিপুল কুমার | ২০/১২/১৯৮৪ | নওগাঁ | ০৩২৪২৪ |
| ৬. | ১২৩ | মোঃ আব্দুস সামাদ আজাদ | ১৭/০৪/১৯৮৯ | পঞ্চগড় | ০২৫৬৭৭ |
| ৭. | ১২৫ | মোঃ শামীম হুসাইন | ২৫/০৭/১৯৮৩ | পাবনা | ০৩২৫৩৮ |
| ৮. | ১৩০ | প্রীতিশ কুমার চৌধুরী | ২০/১০/১৯৮৬ | নওগাঁ | ২০১২৪৬ |
| ৯. | ১৭৭ | মোঃ শাহ্নুর আলম | ১৪/১২/১৯৮৪ | কিশোরগঞ্জ | ০১৫৮২১ |
| ১০. | ১৭৯ | মোঃ রফিকুল ইসলাম | ০৩/০৩/১৯৮৫ | পঞ্চগড় | ০০৬৭৯৫ |
| ১১. | ২০০ | মোঃ জুয়েল ইসলাম প্রামানিক | ৩১/১২/১৯৮৪ | জয়পুরহাট | ২০২২১০ |
| ১২. | ২৬৮ | সুজল কুমার | ০২/১১/১৯৮৪ | জয়পুরহাট | ০৫০৭৫২ |
| ১৩. | ৩০৪ | মোঃ মোশাররফ হোসেন | ২৫/১১/১৯৮৬ | পঞ্চগড় | ০২৪৪৪৪ |
| ১৪. | ৩১০ | মোঃ আব্দুল হালিম | ০১/০১/১৯৮৭ | পাবনা | ০২৫৪৫৭ |
| ১৫. | ৪০০ | মোঃ চাঁদ আলী | ১৬/০২/১৯৮৪ | পাবনা | ০৪৪১২৯ |
| ১৬. | ৪১৭ | মোঃ মতিউর রহমান | ২৫/০৫/১৯৮৭ | নওগাঁ | ০২৪১২৩ |
| ১৭. | ৪৩৯ | মোঃ শফিকুল ইসলাম | ৩১/১২/১৯৮৪ | বরগুনা | ৫০০৪২৩ |
| ১৮. | ৪৪২ | শামস্-উল-ফেরদৌস | ১০/১২/১৯৮৫ | পঞ্চগড় | ০৩৩৯৪৩ |
| ১৯. | ৪৫৮ | সাইফুন নাহার | ০২/০১/১৯৮৮ | বরগুনা | ০৩৬০৭৮ |
| ২০. | ৪৫৯ | মোঃ ওয়াহিদুজ্জামান | ০৮/০১/১৯৮৮ | পাবনা | ০২৫২৯৫ |
| ২১. | ৪৬৫ | মোছাঃ আফরোজা পারভীন | ৩১/১২/১৯৮৮ | পাবনা | ০১৬৮৫৫ |
| ২২. | ৪৭৫ | মোঃ নাহিদুল ইসলাম | ০৫/১১/১৯৮৪ | বরগুনা | ০৪১০৯০ |
| ২৩. | ৪৯৮ | সাইদ মুহাম্মদ শাহরিয়ার কবির | ৩০/১২/১৯৮৩ | নওগাঁ | ০২০১৩০ |
| ২৪. | ৫৬৯ | মোঃ এবাদত হোসেন চৌধুরী | ০৮/১০/১৯৮৭ | জয়পুরহাট | ০৩০৮১৪ |
| ২৫. | ৫৭২ | ফিউজী আকতার | ০৫/১০/১৯৮৪ | নওগাঁ | ২০১৬২৬ |
| ২৬. | ৫৮০ | মোঃ শাহিনুর রহমান | ৩১/১২/১৯৮৭ | পঞ্চগড় | ০৫৮৮২০ |
| ২৭. | ৬৩৯ | মোছাঃ নার্গিস জাহান | ২৮/১২/১৯৮৮ | পঞ্চগড় | ০১৯২৯৫ |
| ২৮. | ৬৬২ | প্লাবন কুমার দে | ০৬/১২/১৯৮৩ | পাবনা | ০২৭০৩৬ |
| ২৯. | ৬৬৭ | মোঃ আরমান আলী | ০৭/১২/১৯৮৩ | নওগাঁ | ২০৪৪২৬ |
| ৩০. | ৭০৫ | সুচিতা রানী মন্ডল | ১০/১১/১৯৮৮ | নওগাঁ | ০৪৪১৯৯ |
| ৩১. | ৭৩৮ | ছবি ঘোষ | ১০/০১/১৯৮৮ | জয়পুরহাট | ০৩৪২০৫ |
| ৩২. | ৭৪১ | মোঃ হাবিবুর রহমান | ২১/০৫/১৯৮৭ | পঞ্চগড় | ০১৭৭৭৫ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

(মোঃ গোলাম হোসেন)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড

নং ১০(০১) শু ঃ ভঃ প্রঃ-৩/২০১৪/২৩২ (                )                                                            তারিখ ঃ ০৬/ ০৫/২০১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা
৩. সদস্য(শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
৪. উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা ।
৬. জনাব.........................................................................................................................
   ........................................................................................................................
৭. ব্যক্তিগত নথি ।

(মোঃ আবদুল হাই)
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-৩)